দৈনিক বাংলা

তারিখ 17 MAY 1990
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৫ ...

63

৪৭

এসএসসি পরীক্ষা

# নোয়াখালীতে অংকের প্রশ্নপত্র বিক্রি : আসল না নকল?

।। নিজস্ব সংবাদদাতা ।।

মাইজদীকোর্ট, ১৬ই মে।– বৃহস্পতিবার কুমিল্লা বোর্ডের এসএসসির সাধারণ অংকের পরীক্ষা। সাধারণ অংকের প্রশ্নপত্র মঙ্গলবার রাত থেকে নোয়াখালীর বিভিন্ন এলাকায় চড়া দামে বিক্রি হচ্ছে। তবে এই প্রশ্নপত্র আসল না নকল তা জানা যায়নি। জেলার ৬টি উপজেলার মধ্যে হাতিয়া বাদে ৫টি উপজেলায় পাইকারী হারে এই প্রশ্নপত্র বিক্রি হচ্ছে। আজ রাত

(শেষ পৃঃ ৩য় কঃ দ্রঃ)

## আসল না নকল?

(প্রথম পৃঃ পর)

পৌনে ১০টায় এই রিপোর্ট লেখা পর্যন্ত এই প্রশ্নপত্র একশ' টাকা থেকে পাঁচশ' টাকা দামে বিক্রি হচ্ছিল।

এ সম্পর্কে নোয়াখালী জেলা প্রশাসকের সঙ্গে আলাপ করা হলে তিনিও অনুরূপ সংবাদ পেয়েছেন বলে জানান। জেলা প্রশাসক বলেন, যেহেতু গত সোমবার সাধারণ বিজ্ঞান প্রশ্নপত্র ফাঁস হয়েছিল সেহেতু সাধারণ অংকের প্রশ্ন ফাঁস হয়ে যাওয়ার সম্ভাবনা উড়িয়ে দেয়া যায় না। তিনি বলেন, তিনি বিষয়টি কুমিল্লা বোর্ডের উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানিয়েছেন এবং বোর্ডের উর্ধ্বতন কর্মকর্তাগণ আজ রাতের মধ্যে নোয়াখালী আসছেন। আগামী কাল সকাল সাড়ে ৯টায় নির্ধারিত সময় ট্রেজারী থেকে প্রশ্নপত্র বের করে যাচাইয়ের পর যদি ঘটনা সত্য বলে প্রমাণিত হয়, তাহলে বোর্ড কর্তৃপক্ষ পরীক্ষা নেয়ার ব্যাপারে সিদ্ধান্ত নেবেন।